

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪১৮

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - যুদ্ধবিগ্রহ সম্পর্কীয়

الفصل الاول (بَابِ الْمَلَاحِمِ)

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «هَلَكَ كِسْرَى فَلَا يَكُونُ كِسْرَى بَعْدَهُ وَلَتُقْسَمَنَّ كُنُوزُهُمَا فِي سَبِيلِ اللَّهِ» كِسْرَى بَعْدَهُ وَلَتُقْسَمَنَّ كُنُوزُهُمَا فِي سَبِيلِ اللَّهِ» وَسَمَّى «الْحَرْبُ خُدْعَةٌ» . مُتَّفَقٌ عَلَيْهِ

متفق عليم ، رواه البخارى (3027 ـ 3028) و مسلم (76 / 2918)، (7327) ـ (مُتَّفَقُ عَلَيْهِ)

বাংলা

৫৪১৮-[৯] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: (পারস্য সম্রাট) কিসরা নিশ্চিতভাবে ধ্বংস হবে, অতঃপর আর কেউই কিসরা হবে না। আর শীঘ্রই (রোম সম্রাট) কায়সার ধ্বংস হবে, অতঃপর আর কেউই কায়সার হবে না। এটাও অবশ্যম্ভাবী যে, তাদের রক্ষিত ধন-সম্পদ বিজিত হয়ে আল্লাহর রাস্তায় বণ্টিত হবে। আর তিনি (সা.) যুদ্ধকে প্রতারণা বলে অভিহিত করেছেন। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ৩০২৭, মুসলিম ৭৬-(২৯১৮), তিরমিয়ী ২২১৬, নাসায়ী ৫৩৮৮, সহীহুল জামি' ৮৪৬, মা'রিফাতুস্ সুনান ওয়াল আসার লিল বায়হাকী ৫৭২১, মুসান্নাফ আবদুর রাযযাক ২০৮১৫, মুসনাদৃশ শাফিঈ ১০০২, মুসনাদে 'আদ ইবনু হুমায়দ ১০৯৪, মুসনাদে বাযযার ৪২৮৬, মুসনাদে আহমাদ ৭১৮৪, আবৃ ইয়া'লা ৫৮৮১, সহীহ ইবনু হিব্বান ৬৬৮৯, আল মু'জামুল আওসাত্ব ১৮২৯, আল মুসতাদরাক লিল হাকিম ৪৬০৮, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৯০৭৩, আস্ সুনানু সুগরা ৪০৪১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন